SABITA

3107-376X (Online)

Journal Homepage: www.sabitajournal.com

Article

আশুতোষ সংগ্রহঃ এক অনুপম বিশ্বজনীন সর্বজনীন পাঠস্পৃহা

গৌরাঙ্গ চরণ জানা

লাইব্রেরিয়ান, আশুতোষ কলেজ

Email- gjanalis@gmail.com

Keywords:
Sir Asutosh Mookerjee, National Library, books, manuscripts

ABSTRACT

The article explores the personal collection of Sir Asutosh Mookerjee, housed at the National Library, Kolkata. Donated to the library in 1949, the massive collection of nearly 86,000 books, manuscripts, paintings testify to the quest for knowledge and also the multi-disciplinary outlook of Sir Asutosh, who always believed in breaking disciplinary barriers. A veritable treasure-trove, such a repository needs to be preserved and conserved in a proper manner for posterity. This essay by delving into the collection hopes to disseminate information about the same, to the readers who might be enthused to dive into the pages of this collection.

ভূমিকা

স্যার আশুতোষ মুখোপাধ্যায় সকলের কাছে পরিচিত একজন বিশিষ্ট শিক্ষাবিদ, আইনজ্ঞ, গণিতবিদ হিসাবে। কিন্তু গ্রন্থপ্রেমিক আশুতোষকে হয়তো অনেকে জানেন না। তাঁর গ্রন্থপ্রেমের নিদর্শন পরতে পরতে দীপ্তময় যা ভারতের জাতীয় গ্রন্থাগারের আনেক্স ভবনের পঞ্চম তলের প্রায় আট হাজার আটশ বর্গফুট এলাকাব্যাপ্ত এক চিরভাস্বর গ্রন্থসম্ভারে। প্রয়োজন অনুযায়ী ভিন্ন ভিন্ন পেশায় তাঁর দীপ্ত পদচারণা এবং অবিরাম ব্যস্ততা সত্ত্বেও জ্ঞান অন্বেষণের পথে তিনি ছিলেন অটল আর অমোঘ। একজন মানুষ তাঁর ৬০ বছরের (২৯ জুন ১৮৬৪ - ২৫ মে ১৯২৪) জীবনে এত বিষয়ের, এত ভাষার গ্রন্থ অধ্যয়ন করতে পারেন, দক্ষতা অর্জন করতে পারেন জেনে সত্যই অপার বিস্ময়ে আমাদের হতবাক হয়ে যেতে হয়। স্যার আশুতোষের বিশাল গ্রন্থরাজি তাঁর সুযোগ্য পুত্ররা দান করেছেন কলকাতার জাতীয় গ্রন্থাগারে।এই সংগ্রহটি একটি প্রাচীন ও দুষ্প্রাপ্য গ্রন্থভাণ্ডার। জাতীয় গ্রন্থাগারের বিশালত্বের মধ্যে 'আশুতোষ সংগ্রহ' স্বকীয় উৎকর্ষতায় উজ্জ্বল। স্যার আশুতোষের এই ব্যক্তিগত সংগ্রহের বিশালতা ও বৈচিত্রময় ব্যাপ্তির কারনে অনেকে এই সংগ্রহটিকে ‘গ্রন্থাগারের মধ্যে গ্রন্থাগার’ বলেও অভিহিত করেন।

আশুতোষ সংগ্রহ

১৯৪৮ সালে জাতীয় গ্রন্থাগারের যাত্রা শুরুর মুহূর্তেই এই গ্রন্থাগারে এক দৃষ্টান্তমূলক অধ্যায়ের সূচনা করেন স্যার আশুতোষের পুত্ররা। স্যার আশুতোষের অমূল্য সংগ্রহ তাঁর যুক্ত করেন জাতীয় গ্রন্থাগারের বিশাল দুষ্প্রাপ্য ও দুর্মূল্য গ্রন্থসম্ভারের সঙ্গে। এরই অনুপ্রেরণায় অনেক বিদগ্ধ ব্যক্তিগণ পরবর্তীকালে তাঁদের সংগ্রহ জাতীয় গ্রন্থাগারে দান করেন।

স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের বহুমুখী প্রতিভার প্রতিফলন দেখা যায় তাঁর সুবিশাল দুষ্প্রাপ্য মূল্যবান সংগ্রহের মধ্যে। তাঁর মত গ্রন্থপ্রেমিক বিরল। জাতীয় গ্রন্থাগারের মধ্যে 'আশুতোষ সংগ্রহ' একটি স্বতন্ত্র ও স্বয়ংসম্পূর্ণ গ্রন্থাগার। সম্ভবত পৃথিবীর কোন দেশের জাতীয় গ্রন্থাগারে এত বড় একক ব্যক্তিগত সংগ্রহ প্রদত্ত হয়নি। দেশ-বিদেশ থেকে আগত বহু পণ্ডিত ব্যক্তি এই সংগ্রহ পরিদর্শন করে বিস্ময় প্রকাশ করে বলেছেন, একক ব্যক্তিগত সংগ্রহের এ এক অনবদ্য নিদর্শন।

প্রেক্ষাপট

১৯৪৯ সালের ৩১ মার্চ তৎকালীন কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী মৌলানা আবুল কালাম আজাদের নিকট লিখিত এক পত্রে স্যার আশুতোষের চার পুত্র: রমাপ্রসাদ, শ্যামাপ্রসাদ, উমাপ্রসাদ ও বামাপ্রসাদ, তাঁদের পিতার সমগ্র গ্রন্থসম্ভার জাতীয় গ্রন্থাগারকে দান করার ইচ্ছা প্রকাশ করেন। তাঁদের উদ্দেশ্য ছিল এই সংগ্রহটি যেন জাতির উদ্দেশ্যে নিয়োজিত হয়, গবেষক ও পণ্ডিত ব্যক্তিরা যাতে এটি ব্যবহারের সুযোগ পান। সংগ্রহটির অবস্থান, সংরক্ষণ, রক্ষণাবেক্ষণ ও ব্যাবহারের উপযোগী রাখার বিষয়ে যেন বিশেষ যত্ন এবং সতর্কতা অবলম্বন করা হয়। সংগ্রহটি যেন একটি বিশেষ কক্ষে, যতদূর সম্ভব এককভাবে রাখা হয় এবং 'আশুতোষ মুখোপাধ্যায় সংগ্রহ' হিসাবে আলাদা এক স্বীকৃতি ও পরিচিতি লাভ করে। আরেকটি শর্ত ছিল, যদি ভবিষ্যতে জাতীয় গ্রন্থাগারকে কলকাতা থেকে অন্যত্র সরিয়ে নিয়ে যাওয়া হয়, তাহলে সংগ্রহটি প্রথমে কলকাতা বিশ্ববিদ্যালয়কে গ্রহণ করার প্রস্তাব দিতে হবে। বিশ্ববিদ্যালয় যদি সংগ্রহটি রক্ষণাবেক্ষণ এবং ব্যবহারপযোগী রাখার মত অবস্থায় না থাকে তবে পশ্চিমবঙ্গ সরকারকে উপরোক্ত শর্তানুযায়ী এটিকে গ্রহণ করার প্রস্তাব দিতে হবে। তাঁরা চেয়েছিলেন এই সংগ্রহটি সেই স্থানেই থাকুক যে স্থানে তাঁদের পিতা জন্মগ্রহণ করেছেন, বসবাস করেছেন এবং তাকে কর্মক্ষেত্র হিসাবে গ্রহণ করেছেন।

সংগ্রহটির ইতিহাস

পারিবারিক সূত্রেই ছোটবেলা থেকে নিয়মিত বিভিন্ন মূল্যবান গ্রন্থ উপহার হিসেবে পেতেন স্যার আশুতোষ। স্যার আশুতোষের পিতা তখনকার সময়ে দশ হাজার টাকা মূল্যের গণিতশাস্ত্রের গ্রন্থ ও পত্রিকার সম্ভার তিনি উপহার দিয়েছিলেন পুত্রকে। স্যার আশুতোষ পরবর্তীকালে তাঁর নিজস্ব গ্রন্থাগারের জন্য গ্রন্থ সংগ্রহ করতে শুরু করেন। আশুতোষ সংগ্রহের ভিত্তি হল সেই গ্রন্থ সম্ভার। তৎকালীন সময়ের সারা বিশ্বের বিভিন্ন বিখ্যাত প্রকাশক, গ্রন্থ বিক্রেতা এবং নিলাম সংস্থার কাছ থেকে তিনি গ্রন্থ সংগ্রহ করেছেন। স্যার আশুতোষ তাঁর ভবানীপুরের প্রাসাদোপম বাড়িটির অধিকাংশ স্থান জুড়ে থাকা গ্রন্থাগারে প্রতি রবিবার সেই গ্রন্থসম্ভারের মাঝে সময় কাটাতেন। স্যার আশুতোষের গ্রন্থের প্রতি ছিল অসীম মমত্ববোধ আর বিশাল গ্রন্থাগারের মধ্যে কোন গ্রন্থ কোন জায়গায় রাখা, তা ছিল তাঁর নখদর্পণে। অধিকাংশ গ্রন্থে স্যার আশুতোষ তাঁর স্বাক্ষর রেখেছেন, গ্রন্থের মূল্য উল্লেখ করেছেন এবং গ্রন্থের বিশেষত্ব ধরা রয়েছে গ্রন্থের ভিতর লেখা 'Rare', 'Very Rare', 'Unique' ইত্যাদি মন্তব্যে। গ্রন্থের মার্জিনে লিপিবদ্ধ মন্তব্য ও টীকার মাধ্যমে যে সমস্ত তথ্য পাওয়া যায় তার ঐতিহাসিক মূল্য অনস্বীকার্য। পাঠক আশুতোষ আজও বেশ প্রাণবন্ত হয়ে ধরা দেন আমাদের কাছে, যা গবেষণা ও জ্ঞান আহরণের এক অদম্য স্পৃহা রূপে চিরভাস্বর হয়ে থাকবে।

প্রাচীন গ্রন্থ

প্রাচীনত্বের দিক থেকে দেখতে গেলে আশুতোষ সংগ্রহ পরতে পরতে স্বকীয়তায় সমুজ্জ্বল। এই সংগ্রহের সবথেকে পুরানো গ্রন্থটি হল ১৫৫২ সালে Basileae থেকে প্রকাশিত রোমান আইন ও প্রশাসনের উপর ল্যাটিন ভাষায় লেখা Notitia Dignitatum। এছাড়াও ১৫৭০ সালে লণ্ডন থেকে প্রকাশিত ইউক্লিডের জ্যামিতির প্রথম ইংরাজী

অনুবাদ, ১৫৭০ সালে প্রকাশিত গ্রীক ভাষায় লিখিত Demosthenese বিশেষ উল্লেখের দাবী রাখে। ষোড়শ ও সপ্তদশ শতকে প্রকাশিত বহু গ্রন্থাদি এই সংগ্রহের মধ্যে অবস্থান করছে যেগুলি হস্তনির্মিত কাগজের উপর মুদ্রিত ।

পাণ্ডুলিপি

হলুদে ছোপানো তুলট কাগজের উপর সংস্কৃত ভাষায় দেবনাগরী অক্ষরে লেখা হিন্দু আইনসংক্রান্ত 'বিবাদভঙ্গারনব' এক আকর্ষণীয় পাণ্ডুলিপি, সংস্কৃত ভাষায় লেখা হিন্দু উত্তরাধিকারসংক্রান্ত আইনের গ্রন্থ, স্যার আশুতোষের নিজের লেখা গণিতবিষয়ক খাতা ও হিসাবের খাতা, উমাপ্রসাদ মুখোপাধ্যায়ের কাছে সযত্নে রক্ষিত কথাসাহিত্যিক শরৎচন্দ্র চট্টোপাধ্যায়ের ‘পথের দাবী’ উপন্যাসের পাণ্ডুলিপিও আশুতোষ সংগ্রহের অন্তর্ভুক্ত।

সীমিত, স্বহস্তাক্ষরিত ও দুর্মূল্য সংস্করণ

আশুতোষ সংগ্রহে বহু গ্রন্থ আছে যেগুলি সারা বিশ্বে সীমিত সংখ্যক প্রকাশিত হয়েছিল, স্বহস্তাক্ষরিত ও দুর্মূল্য সংস্করণ। বেশির ভাগই ইউরোপ থেকে প্রকাশিত গ্রন্থ। ভেলাম ও হস্তনির্মিত কাগজের উপর ছাপানো মরক্কো, ভেলাম ও অন্য দামী সামগ্রী দ্বারা বাঁধানো গ্রন্থগুলি এই সংগ্রহকে বিশেষত্ব দান করে । ১৯০৯ সালে Portland Maine থেকে প্রকাশিত Arthur Wheelock Upson-এ 'Lyrics and Sonnets' গ্রন্থটি দুর্মূল্য জাপানী ভেলামের উপর ছাপা হয়েছিল মাত্র ২৫ কপি। স্যার আশুতোষের সংগৃহীত গ্রন্থটির সংখ্যা ১২। ১৯০৩ সালে লণ্ডন থেকে প্রকাশিত Samuel Taylor Coleridge-এর ‘The Rime of Ancient Mariner' ভেলামের উপর ছাপা। এটির বাঁধাইও ভেলামের। মাত্র ১৫০ কপির মধ্যে এই সংগ্রহের সংখ্যাটি হল ৪৪। ১৮৯০ সালে নিউইয়র্ক থেকে প্রকাশিত Henry Morton Stanley-'In Darkest Africa'-র ২৫০টি কপির মধ্যে এই সংগ্রহে আছে। ২৪০তমটি। এই গ্রন্থটিও লেখক কর্তৃক স্বাক্ষরিত । ১৮৯৮ ও ১৮৯৯ সালে লণ্ডন থেকে প্রকাশিত যথাক্রমে Gustave Flaubert-এর 'A Simple Heart' Theophile Gautier-এর 'Cleopatra' গ্রন্থদুটি মাত্র ১০০০ কপি মুদ্রিত হয়েছিল, যার মধ্যে আশুতোষ সংগ্রহের দুটি গ্রন্থেরই সংখ্যা ১৩, যেগুলি শুধুমাত্র স্যার আশুতোষ মুখোপাধ্যায়ের জন্য মুদ্রিত হয়েছিল। এভাবেই আশুতোষ সংগ্রহের পরতে পরতে বিস্ময় অপেক্ষা করে।

গ্রন্থসম্ভারের বৈচিত্র্য

জাতীয় গ্রন্থাগারে প্রদানের পর প্রথমে এই সংগ্রহটি রক্ষিত ছিল বেলভেডিয়রে মূল ভবনের তৃতীয় তলায়। পরবর্তীকালে অ্যানেক্স ভবনের পাঁচ তলায় স্থানান্তরিত করা হয়, যা প্রায় ৮৮০০ বর্গফুট এলাকা জুড়ে অবস্থান করছে এবং সমগ্রটিত সুনির্দিষ্টভাবে বিন্যস্ত করা হয়। আশুতোষ সংগ্রহ বিষয় বৈচিত্র্যের দিক থেকে অনবদ্য। এখানে মুল্যবান এবং দুষ্প্রাপ্য বই এবং অন্যান্য নথির এক বিশেষ সমারোহ যা একজন পাঠকের চিন্তার পরিসরকে এক অন্য মাত্রা প্রদান করে। বিস্তৃত এই সংগ্রহে ২২ থেকে ২৩ টি ভাষার বই রয়েছে, যদিও বেশিরভাগই ইংরেজিতে। সংস্কৃত ও বাংলা ভাষার বইগুলিও বিশেষভাবে প্রণিধানযোগ্য। এই সংগ্রহে আছে অর্থনীতি, আইন, ইতিহাস, উদ্ভিদবিদ্যা, গণিতশাস্ত্র, চারুকলা ও শিল্প, জীবনী, জ্যোতির্বিদ্যা, দর্শন, ধর্ম, নৃবিদ্যা, পদার্থবিদ্যা, প্রযুক্তিবিদ্যা, প্রাণীবিদ্যা, ভাষা, ভূগোল, ভ্রমণ, রসায়ন, রাজনীতি, সমাজবিদ্যা, সাহিত্য, শারীরবিদ্যা, শিক্ষা ইত্যাদি আরও অনেক বিষয়। জ্ঞানজগতের প্রায় সকল বিষয়ের গ্রন্থই এই সংগ্রহের অন্তর্ভুক্ত। এমনকি সংগ্রহের মধ্যে বহু বিরল ছবি এবং আইনি নথিও রয়েছে। এটা চিত্তাকর্ষক এবং অপার বিস্ময়ের যে একজন ব্যক্তি তাদের জীবদ্দশায় এতগুলি বই সংগ্রহ এবং অধ্যয়ন করতে সক্ষম হয়েছিলেন।

চিত্রাবলী ও চিত্রসম্বলিত গ্রন্থ

আশুতোষ সংগ্রহের মধ্যে দেখা যায় অনবদ্য চিত্রের সমাহার। অভ্রের পাতলা পাতের উপর আঁকা রঙিন চিত্রাবলী, পাখী, প্রজাপতি, দোকানঘর, ভারতীয় যানবাহন, রোজকার জীবনের বিভিন্ন মুহূর্তের চিত্রসমূহ সত্যিই মৌলিক এবং অনবদ্য। চৈনিক সামাজিক জীবন ও প্রথা এবং পেশা সম্বলিত চিত্রাবলী বিশেষ উল্লেখের দাবী রাখে। **চিত্রসম্বলিত গ্রন্থগুলির মধ্যে** প্রাচ্যবিষয়ক রচনা, পুরানো কলকাতা, ধর্ম, শেকস্পীয়রের রচনাগুলি মুখ্য। এদের মধ্যে উল্লেখযোগ্য কয়েকটি হল Sir Charles Doyly-র 'Views of Calcutta and Its Environs', Mrs. S. C. Belnos-এর 'Sundhya', F. Baltazard Solvyns-এর 'Les Hindous', Thomas Daniell-এর 'Oriental Scenery', 'Aleksiei Dmitrievich Kniaz Saltykov-এর 'Voyages das l'Inde'। মূল্যবান এই সংগ্রহের মধ্যে রয়েছে ভারতীয় সাপ, এশিয়ার পাখী, ফুল, শঙ্খ, পালকি, নৌকা, বিভিন্ন ভারতীয় শহর, গুহাচিত্র, বৌদ্ধ স্থাপত্য ইত্যাদি চিত্রসম্বলিত গ্রন্থগুলি গবেষণার ক্ষেত্রে অমূল্য ।

আইনসংক্রান্ত গ্রন্থ ও নথি

আইন সংক্রান্ত পঠনপাঠন ও গবেষণার জন্য আশুতোষ সংগ্রহ এক অপরিহার্য স্থান। এখানে বিরাট অংশ জুড়ে আছে আইনের গ্রন্থ ও নথিপত্র, ভারতীয় আইনসংক্রান্ত ধারা প্রকাশন, ইংল্যান্ড, স্কটল্যান্ড, আয়ারল্যান্ড, আমেরিকাসহ অন্যান্য দেশের Law Reports প্রভৃতি। অষ্টাদশ ও উনবিংশ শতাব্দীর Admiralty, Chancery, Ex- chequer, King Queens Bench-এর বেশ কিছু দুষ্প্রাপ্য রিপোর্ট এই সংগ্রহের গৌরব। এখানকার দুষ্প্রাপ্য Parliamentary Paper সমূহ গবেষণার ক্ষেত্রে অপরিহার্য উপাদান হিসেবে আজও প্রাসঙ্গিক।

গণিত ও বিজ্ঞানবিষয়ক গ্রন্থাদি ও অন্যান্য নথি

বিশ্ববিখ্যাত গণিতবিদ হিসাবে স্যার আশুতোষের পরিচিতি সর্বজনবিদিত। তাঁর লিখিত বেশ কিছু নিজস্ব রচনা এই সংগ্রহের অন্তর্ভুক্ত। Laplace, Delambre, Darwin প্রভৃতি প্রখ্যাত ব্যক্তিদের রচনাবলী এই সংগ্রহের দুর্মূল্য সম্পদ। ১৫৭০ সালে প্রকাশিত ইউক্লিডের জ্যামিতির প্রথম ইংরাজী অনুবাদ, ১৭৬০ সালে প্রকাশিত স্যার আইজাক নিউটনের 'Philosophiae Naturalis Principia Mathematica', ১৮৯৩ সালে কলকাতা থেকে প্রকাশিত কোলব্রুক অনূদিত ভাস্করাচার্যের 'লীলাবতি' ও আরও বহু দুর্লভ গ্রন্থ এই সংগ্রহের অন্তর্গত।

শেকস্পীয়র ও অন্যান্য ভাষার গ্রন্থাবলী

ইংরাজী সাহিত্যের বিভিন্ন রচনাবলীর সমাবেশ এই সংগ্রহকে সমৃদ্ধ করেছে। উল্লেখ্য যে শেকস্পীয়রের লেখা ও তাঁর উপর লেখা গ্রন্থের সংখ্যা এই সংগ্রহে আছে ২৫০-এর বেশি। ১৬২৩ সালে প্রকাশিত **শেকস্পীয়র** রচনাবলীর facsimile প্রকাশনা ১৯০২ সালে প্রকাশিত হয় অক্সফোর্ড থেকে। ১৯০৩ সালে প্রকাশিত এই গ্রন্থটির উপর স্যার আশুতোষ স্বহস্তে লিখে রেখেছিলেন 'Very Rare'। 'The American Edition of Boydell's Illustration of the Dramatic Works of Shakespeare' নামক বিশাল আকৃতির গ্রন্থটিতে শেকস্পীয়রের বিভিন্ন নাটকের দৃশ্য, চরিত্র ও পোষাক- পরিচ্ছদের চিত্রাবলীর অপূর্ব উপস্থাপনা পরিলক্ষিত হয়। ৩৯ খণ্ডের 'The Vale Shakeshpeare' মাত্র ৩১০ কপি ছাপা হয়েছিল ১৯০০ থেকে ১৯০৩ সালের মধ্যে। এছাড়া এই সংগ্রহে আছে Milton-এর 'Paradise Lost' -এর চিত্রসম্বলিত সংস্করণ, ১৬০৫ সালে প্রকাশিত স্পেনীয় সাহিত্যের শ্রেষ্ঠ রচনাবলীর অন্যতম 'Don Quixote'। John Ruskin-এর রচনাবলী, Sir Walter Scott, Daniel Defoe, Charles Dickens, George Eliot, Rudyard

Kipling, Robert Louis Stevenson, Tennyson, Geoffrey Chaucer, Robert Browning, Charles ও Mary Lamb প্রভৃতি আরও অনেক বিশ্ববিখ্যাত সাহিত্যিকদের বিবিধ রচনাবলী স্যার আশুতোষ তাঁর সংগ্রহে সংযোজিত করেছিলেন। জার্মান মহাকবি Goethe-র 'Faust'-এর বিভিন্ন সংস্করণ ছাড়াও Heine, Schiller এবং ইতালি, ফরাসী, ল্যাটিন, স্প্যানিশ, গ্রীক ও অন্য ভাষার বহু বিখ্যাত সাহিত্যিকদের রচনাবলীও সংগ্রহ করেছিলেন স্যার আশুতোষ। তাঁর গ্রন্থপ্রেমের আরেকটি অনুপম দিক হল তিনি সারা বিশ্বের বিখ্যাত সাহিত্যিকদের একই রচনার নানান সংস্করণ সংগ্রহ করতেন। তাঁর এই সারস্বতস্পৃহা অত্যন্ত ব্যতিক্রমী, যা তাঁর গ্রন্থ প্রীতি ও অন্বেষণের এক নতুন উদ্দীপনার সঞ্চার করে।

অন্যান্য গুরুত্বপূর্ণ গ্রন্থাবলী

স্যার আশুতোষ সংগ্রহে অন্যান্য গুরুত্বপূর্ণ সংগ্রহের মধ্যে রয়েছে বাইবেলের নানান সংস্করণ, কোরাণসহ অন্যান্য ধর্মগ্রন্থ, ভগবৎ গীতার বিবিধ সংস্করণ, ১৮০২ সালে শ্রীরামপুর মিশন প্রেস থেকে প্রকাশিত কৃত্তিবাসী রামায়ণের ৫ খণ্ডের বাংলা সংস্করণ, Gorresio-র দশ খণ্ডের সংস্কৃত ও ইতালী ভাষায় রচিত গদ্যরূপের রামায়ণ। এছাড়াও রামায়ণ ও মহাভারতের বিভিন্ন সংস্করণ, বেদ, উপনিষদ, পুরাণ, বৌদ্ধ, জৈন ও অন্যান্য ধর্মগ্রন্থগুলি এই সংগ্রহের বিশিষ্টতা। 'Arabian Nights' -এর অনেকগুলি সংস্করণ আছে তাঁর এই সংগ্রহে, যার মধ্যে রয়েছে E.W. Lane, John Payne ও Sir Richard F. Burton অনুদিত প্রথম সংস্করণগুলি।এছাড়াও 'Rubaiyat of Omar Khayyam'- এর বিভিন্ন সংস্করণ যার বেশির ভাগই Fitz-gerald-এর অনুবাদ। ১৮০৬ সালে শ্রীরামপুর মিশন প্রেস থেকে প্রকাশিত উইলিয়াম কেরীর 'Grammar of the Sungskrit Language' উল্লেখযোগ্য। কালিদাস, পাণিনি, পতঞ্জলী, ভবভূতি, Monier- Williamsসহ বহু চিন্তাবিদদের রচনাবলীর পাশাপাশি সংস্কৃত ভাষা সংগ্রহে আছে 'Anandashram Series', কলকাতার 'Bibliotheca Indica', Lanman-এর 'Harvard Ori- ental series', Max Muller সম্পাদিত 'Sacred Book of the East' প্রভৃতি। শিক্ষাসংক্রান্ত গ্রন্থ ও নথিপত্র এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের Minutes ও Calender গুলি দুর্লভ সংগ্রহের অন্যতম। বাংলা ভাষার বিভিন্ন গ্রন্থাবলী ও সাময়িক পত্রিকা, যেমন দিগ্দর্শন, বঙ্গদর্শন-এর সম্ভারও আছে এই সংগ্রহে। বাংলা কবিতা, নাটক, উপন্যাস, গল্প, ভ্রমণ, ইতিহাস ও জীবনীসংক্রান্ত গ্রন্থের অপরূপ সমারোহ এই সংগ্রহ। স্যার আশুতোষ তাঁর এই অমূল্য সংগ্রহের মধ্যে জুড়েছিলেন বহু পঞ্জিকা, যেগুলি আজও গবেষকদের কাছে যুক্তিনিষ্ঠ তথ্যভাণ্ডার। ১৭০৪ সালে লণ্ডন থেকে প্রকাশিত 'A Collection of Voyages and Travels, ১৭২০ সালে লণ্ডন থেকে প্রকাশিত 'Travels in Persia, 'The Indian Antiquary, a journal of Oriental Re- search' (বোম্বে, ১৮৭২), ১৭৭৩ সালে লণ্ডন থেকে প্রকাশিত Edward Eves রচিত 'A voyage From En- gland to India, in the year 1754' এবং আরও অনেক পুরানো প্রকাশনা আশুতোষ সংগ্রহকে করে তুলেছে আকর্ষণীয় এক গবেষণাগার। 'Calcutta University Commission Re- port', 'Macaulay's Minutes on Education in In- dia' (কলকাতা, ১৮৬২), 'The Educational Theory of Immanuel Kant' (ফিলাডেলফিয়া ও লণ্ডন, ১৯০৪) ইত্যাদি গ্রন্থাবলীও এই সংগ্রহের অতুলনীয় সম্পদ।

গ্রন্থ সংগ্রহের পরিচর্যা ও সংরক্ষণ

জাতীয় গ্রন্থাগারের মধ্যে স্যার আশুতোষ সংগ্রহ একটি বিশেষ স্থান যা পাঠক ও গবেষকদের সহজাত আকর্ষণের কেন্দ্র। সমগ্র সংগ্রহটি সাজানো আছে খুব সুন্দরভাবে। স্যার আশুতোষের সংগ্রহ জাতীয় গ্রন্থাগারে আসার পর থেকেই এর গুরুত্ব বিবেচনা করে নিয়মিতভাবে পরিচর্যা জাতীয় গ্রন্থাগার কর্তৃপক্ষের অগ্রাধিকার পেয়ে এসেছে। শীতাতপ নিয়ন্ত্রণের ব্যবস্থা করে নির্দিষ্ট সময় অন্তর জীবানুমুক্ত করা, ধুলো পরিষ্কার করার ব্যবস্থা করা হয়। দুষ্প্রাপ্য ও জীর্ণ গ্রন্থগুলি বাঁধাই, lamination, fumiga-tion, microfilm ইত্যাদির মাধ্যমে সংরক্ষণ করা হয়।

পাঠক পরিষেবা ও প্রদর্শনী

আশুতোষ সংগ্রহের নিজস্ব একটি পাঠকক্ষ আছে। জাতীয় গ্রন্থাগারের স্থায়ী যে কোন সদস্য এখানে পড়াশোনা করতে পারেন। তবে পাঠকেরা এখানে অবাধে বিচরণ করতে পারেন না। গবেষণার কাজে বিভিন্ন চিত্রাদির প্রয়োজন হলে গ্রন্থাগারের অধিকর্তা বা প্রধান গ্রন্থাগারিকের অনুমোদনসাপেক্ষে তা করতে হয়।

আশুতোষ সংগ্রহের মধ্যে একটি স্থায়ী প্রদর্শনস্থল আছে। এখানে বিশেষ কিছু দুর্লভ, দুর্মূল্য ও কৌতূহল উদ্দীপক গ্রন্থ, নথিপত্র ও চিত্র কাঁচের বাক্সে পরিদর্শনের জন্য রয়েছে, যা দেশ বিদেশের পাঠক ও দর্শকদের বিস্মিত, উৎসাহিত ও উদ্বুদ্ধ করে।

উপসংহার

"একদা তোমার নামে সরস্বতী রাখিলা স্বাক্ষর,

তোমার জীবন তাঁর মহিমা ঘোষিল নিরন্তর।"

___ রবীন্দ্রনাথ ঠাকুর

সত্যিই স্যার আশুতোষের মহিমা আজও নিরন্তর বহমান। জ্ঞানচর্চার প্রতি তাঁর গভীর আকাংখ্যা, অপরিসীম আবেগ আর সুনিপুন দূরদৃষ্টি আজও এক বিস্ময়। পরবর্তী প্রজন্মের জন্য তিনি যে দুর্লভ সম্পদ রেখে গেছেন তাঁর কাজ ও সংগৃহীত গ্রন্থরাশির মাধ্যমে, তা সমগ্র জাতির কাছে সম্ভ্রমের এবং স্পর্ধারও। তাঁর স্পর্শসিক্ত এই সংগ্রহের ঐশ্বর্য আগামির জ্ঞানচর্চা ও গবেষণার অমোঘ স্বাক্ষর হিসেবে চিরভাস্বর হয়ে থাকবে। নিখিল বিশ্বের প্রত্যেক পাঠকের জ্ঞানস্পৃহার সাথে স্যার আশুতোষ এমনই এক অনুপম পাঠক যিনি সুর বেঁধে।

তথ্যসূত্র

Bandyopadhyay, B. (1999). History and growth of the Asutosh collection. In Asutosh collection: Golden jubilee volume (1949-1999), Edited by The Director, National Library, Calcutta. Calcutta: The national library. 13-38.

বন্দ্যোপাধ্যায়, বল্লরী (২০১৫) আশুতোষ সংগ্রহ ঃ এক দুষ্প্রাপ্য সম্ভার। কলকাতা ঃ গ্রন্থাগার, ৬০-৬৫।

Dasgupta, R. K. (1999). Sir Asutosh Mookerjee. In Asutosh collection: Golden jubilee volume (1949-1999), Edited by The Director, National Library, Calcutta. Calcutta: The national library. 7-12.

Sinha, N. K. (1999). Lawyer, jurist and judge. In Asutosh collection: Golden jubilee volume (1949-1999), Edited by The Director, National Library, Calcutta. Calcutta: The national library. 39-78.